**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/27/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ঘোষণা করেছেন যে 170টিরও বেশি নতুন চাকরির সৃষ্টি করে মনরো কাউন্টিr দুটি অবস্থানে কার্যকলাপ সম্প্রসারণের জন্য কুপারভিশন 62 মিলিয়ন ডলার বিনিয়োগ করবে

***কন্টাক্ট লেন্স প্রস্তুতকারক পশ্চিম হেনরিয়েটাতে তার বিতরণ কেন্দ্রের কার্যকলাপ এবং স্কটসভিলে উৎপাদন কার্যকলাপ প্রসারিত করবে***

***বিনিয়োগটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক - যা সম্প্রদায়ের পুনরুজ্জীবন এবং অর্থনীতি বাড়ানোর জন্য অঞ্চলের ব্যাপক কৌশল***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে কুপারভিশন (CooperVision) মনরো কাউন্টিতে দুটি পৃথক স্থানে তাদের ক্রিয়াকলাপ প্রসারিত করবে, যা 173টি পর্যন্ত নতুন চাকরি তৈরি করবে। তাদের কন্টাক্ট লেন্সের জন্য বিশ্বব্যাপী চাহিদা বৃদ্ধি এবং একটি ক্রমবর্ধমান পণ্যের পোর্টফোলিওর কথা উল্লেখ করে, কোম্পানিটি ওয়েস্ট হেনরিয়েটাতে থ্রুওয়ে পার্ক ড্রাইভে তার প্যাকেজিং এবং বিতরণ সুবিধার বর্তমান ফেসিলিটিতে উল্লেখযোগ্য সংস্কার করতে এবং সেটি 150,000 বর্গফুট প্রসারিত করতে 38 মিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করবে। কোম্পানিটি বর্তমান এবং ভবিষ্যতের পণ্যের বৃদ্ধিকে আরও ভালোভাবে স্থান সংকুলানের ব্যবস্থা করার জন্য স্কটসভিলের নর্থ রোডে তার উৎপাদন কার্যকলাপের স্থানে 24 মিলিয়ন ডলারের সংস্কারও সম্পূর্ণ করবে। ওয়েস্ট হেনরিয়েটা প্রকল্পটি 2023 সালের গ্রীষ্মের মধ্যে সম্পন্ন হবে। হালনাগাদ করা উৎপাদন ফেসিলিটিটিও 2023 সালের শেষ নাগাদ চালু হবে বলে আশা করা হচ্ছে।

"কূপারভিশন দীর্ঘদিন ধরে মনরো কাউন্টি এবং আশেপাশের সম্প্রদায়গুলির জন্য একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক চালকের কাজ করেছে কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের জন্য মানসম্পন্ন চাকরি প্রদান করে" **গভর্নর হোকল বলেন।** "ফিঙ্গার লেকসে কোম্পানির বিনিয়োগকে সমর্থন করে, আমরা উদ্ভাবনী ব্যবসার বৃদ্ধিকে উৎসাহিত করার জন্য নিউ ইয়র্কের অবিচল অঙ্গীকারবদ্ধতা প্রদর্শন করে যাচ্ছি যা আগামী প্রজন্মের জন্য ফিঙ্গার লেকসকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে।"

পশ্চিম হেনরিয়েটা কেন্দ্রটি উত্তর আমেরিকা, ল্যাটিন আমেরিকা, ইউরোপ, মধ্যপ্রাচ্য, আফ্রিকা এবং এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় বাজারের গ্রাহকদের কাছে প্রতি বছর প্রায় এক বিলিয়ন কন্টাক্ট লেন্স প্রস্তুত করে এবং পাঠায়। কর্মশক্তির স্বাস্থ্য ও নিরাপত্তা, পরিবেশগত দায়িত্ব এবং

পুনর্নবীকরণযোগ্য শক্তির প্রতি অঙ্গীকারবদ্ধতার অংশ হিসাবে, কুপারভিশন তার সম্প্রসারণের অংশ হিসাবে লিডারশিপ ইন এনার্জি অ্যান্ড এনভায়রনমেন্টাল ডিজাইন (Leadership in Energy and Environmental Design, LEED) সার্টিফিকেশনে পাওয়ার চেষ্টা করার পরিকল্পনা করছে। বর্তমানে, গ্রেটার রচেস্টার অঞ্চল জুড়ে কোম্পানির সমস্ত ফেসিলিটিগুলি 100 শতাংশ পুনর্নবীকরণযোগ্য শক্তির দ্বারা চালিত।

1980 সালে প্রতিষ্ঠিত, কুপারভিশন হল কুপারকম্পানিজের (CooperCompanies) এর একটি বিভাগ, এবং বিশ্বের 2য় বৃহত্তম কন্টাক্ট লেন্স নির্মাতা। কোম্পানিটি 130টিরও বেশি দেশে উপলব্ধ দৈনিক নিষ্পত্তিযোগ্য, দুই-সপ্তাহের এবং মাসিক নরম কন্টাক্ট লেন্সের একটি সম্পূর্ণ সম্ভার উৎপাদন করে, যেখানে উন্নত উপকরণ এবং অপটিক্সের বৈশিষ্ট্য এবং অর্থোকেরাটোলজি এবং স্ক্লেরাল ডিজাইনের জন্য প্রিমিয়াম রিজিড গ্যাস পার্মিয়েবল লেন্স ব্যবহার করা হয়। কোম্পানিটি অপটিক্যালে ব্যাপক চলমান গবেষণা এবং উন্নয়ন পরিচালনা করে এবং চোখের পরিচর্যার পেশাদারদের সাথে ঘনিষ্ঠভাবে সহযোগিতা করে যারা সারা বিশ্বে কন্টাক্ট লেন্স পরিধানকারীদের ক্রমবর্ধমান চাহিদা সনাক্ত করতে সহায়তা করে। 2021 সালের সেপ্টেম্বরে কুপারভিশন নির্মাণ ও উৎপাদনে ফরচুনের (Fortune) সেরা বড় কর্মক্ষেত্রগুলির একটি হিসাবে উল্লিখিত হয়েছিল।

কোম্পানির বর্তমান স্থানীয় কর্মীবাহিনীর মধ্যে আছে অন্টারিও কাউন্টির ভিক্টরে তাদের কর্পোরেট অফিসে, স্কটসভিলের উৎপাদন ফেসিলিটিতে এবং ওয়েস্ট হেনরিয়েটার প্যাকেজিং এবং বিতরণ কেন্দ্রে 1,000 জনেরও বেশি কর্মচারী। বৈশ্বিকভাবে, কুপারভিশন 12,000 জনেরও বেশি মানুষকে নিয়োগ করে।

**কুপারভিশনের প্রেসিডেন্ট জেরি ওয়ার্নার বলেন,** "আমাদের ওয়েস্ট হেনরিয়েটা সাইটটি তার ধরণের সব চেয়ে প্রযুক্তিগতভাবে উন্নত বিতরণ কেন্দ্রগুলির মধ্যে একটি। প্রতিদিন, আমাদের দল—স্বায়ত্তশাসিত মোবাইল রোবট এবং হেডস-আপ পরিধানযোগ্য ডিসপ্লের মতো উদ্ভাবনের সাহায্যে—লক্ষ লক্ষ কন্টাক্ট লেন্স মোড়কজাত করে, সংরক্ষণ করে, এবং একাধিক দেশে চোখের পরিচর্যার পেশাদার এবং গ্রাহকদের কাছে পাঠায়। অতিরিক্ত প্যাকেজিং ক্ষমতা, স্টোরেজ প্রযুক্তি এবং আপগ্রেড করা গুদাম ব্যবস্থাপনা সমাধানসমূহ বিনিয়োগ আমাদের শিল্প-নেতৃস্থানীয় গ্রাহক পরিষেবার খ্যাতিকে সমৃদ্ধ করে। আমাদের স্কটসভিল কন্টাক্ট লেন্স উৎপাদন সুবিধার জন্য অত্যাধুনিক প্রযুক্তি অবলম্বন এবং বাস্তবায়ন করা অপরিহার্য, যা আমাদের উৎপাদন সাইটগুলির বিশ্বব্যাপী নেটওয়ার্কের মধ্যে একটি রত্ন। ফিঙ্গার লেকস অঞ্চলে আমাদের প্রযুক্তি এবং কর্মচারীদের প্রতি বিনিয়োগ অব্যাহত রাখার সুযোগ পেয়ে আমরা আনন্দিত।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) কোম্পানির চাকরি সৃষ্টির প্রতিশ্রুতির বিনিময়ে প্রতিটি প্রকল্পের সাইটে পারফরম্যান্স-ভিত্তিক এক্সেলসিয়র ট্যাক্স ক্রেডিট হিসাবে 1.5 মিলিয়ন ডলার পর্যন্ত প্রদান করে এই অঞ্চলে তার অব্যাহত বৃদ্ধিতে সহায়তা করছে। RG & E, মনরো কাউন্টি এবং গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজও (Greater Rochester Enterprise) কোম্পানির সম্প্রসারণের জন্য সহায়তা প্রদান করছে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভারপ্রাপ্ত সভাপতি, সিইও এবং কমিশনার হোপ নাইট বলেন,** "কুপারভিশনের পরিকল্পিত সম্প্রসারণ, বিনিয়োগ এবং মনরো কাউন্টির প্রতি অব্যাহত

অঙ্গীকারবদ্ধতা ফিঙ্গার লেকস অঞ্চলে অর্থনৈতিক প্রবৃদ্ধির সুযোগগুলি প্রদর্শন করে। এই উদ্ভাবনী প্রকল্পগুলি শুধু এলাকার দক্ষ এবং প্রতিভাবান কর্মীবাহিনীর দ্বারা উপকৃত হয় তাই নয়, বরং একটি প্রযুক্তিগত বস্তুতন্ত্র তৈরি করবে যা এখন এবং ভবিষ্যৎ, উভয়ের জন্যই চাকরি সৃষ্টি করছে।"

**রাজ্য সিনেটর প্যাট্রিক গ্যালিভান বলেন,** "কুপারভিশনের মনরো কাউন্টিতে সম্প্রসারণ এবং বিনিয়োগের প্রতিশ্রুতি ফিঙ্গার লেক অঞ্চলের বাসিন্দাদের জন্য কর্মসংস্থানের সুযোগ প্রদান করবে এবং এই এলাকার অব্যাহত অর্থনৈতিক প্রবৃদ্ধির কথা বলে। আমি কোম্পানির নেতাদের অভিনন্দন জানাই এবং তাদের অব্যাহত সাফল্য কামনা করি।"

**বিধানসভার সদস্য হ্যারি ব্রনসন বলেন,** "এখানে মনরো কাউন্টিতে সম্প্রসারণের সিদ্ধান্ত আমাদের অঞ্চল যে জীবনীশক্তি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিকে ললিত করে, তা প্রদর্শন করে। অ্যাসেম্বলির অর্থনৈতিক উন্নয়ন কমিটির (Assembly's Economic Development Committee) চেয়ারম্যান হিসেবে, আমি আমাদের গৃহে এই ধরনের বিনিয়োগ দেখে গর্বিত। এই সম্প্রসারণের দ্বারা সৃষ্ট চাকরিগুলি আমাদের স্থানীয় কলেজ এবং বিশ্ববিদ্যালয় থেকে আসা আরো বেশি সংখ্যক দক্ষ কর্মীদের এখানে, মনরো কাউন্টিতে থাকা নিশ্চিত করতে সাহায্য করবে। এটি আমাদের সমগ্র সম্প্রদায়ের জন্য একটি জয়।"

**মনরো কাউন্টির নির্বাহী অ্যাডাম বেলো বলেন,** "মনরো কাউন্টি কুপারভিশনের সম্প্রসারণ প্রকল্পগুলিকে সমর্থন করতে পেরে গর্বিত, যার ফলে 170টিরও বেশি চাকরির সৃষ্টি হয়েছে। মনরো কাউন্টির প্রতি কুপারভিশনের অঙ্গীকারবদ্ধতা দেখায় যে আমাদের কাছে আজকের উচ্চ-প্রযুক্তির ব্যবসার চাহিদা পূরণ করার জন্য প্রয়োজনীয় কর্মী বাহিনী রয়েছে এবং এই অঞ্চলটি প্রযুক্তি এবং উদ্ভাবনের জন্য একটি বৈশ্বিক কেন্দ্রে রূপান্তরিত হওয়ার সাথে সাথে আমাদের গতিবেগের সাথে যোগদান করে। আমি কুপারভিশন, গভর্নর ক্যাথি হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে আমাদের স্থানীয় অর্থনীতিতে তাদের অব্যাহত বিনিয়োগের জন্য ধন্যবাদ জানাই।"

**হেনরিয়েটা টাউন সুপারভাইজার স্টিফেন এল শুলজ বলেছেন,** "কুপারভিশন বছরের পর বছর ধরে হেনরিয়েটাতে একজন প্রধান নিয়োগকর্তা হয়ে রয়েছে, তাই তাদের উন্নতি এবং হেনরিয়েটাতে তাদের উপস্থিতি প্রসারিত করা দেখে খুবই ভালো লাগছে।"

**স্কটসভিলের গ্রামের মেয়র ম্যাগি রিজ বলেন,** "কুপারভিশন স্কটসভিল গ্রামে একটি মহান প্রতিবেশী এবং অংশীদার হিসাবে আছে এবং সেই মর্যাদায় অব্যাহত থাকবে। এই ধরনের বিনিয়োগগুলি গুরুত্বপূর্ণ, শুধু তার ফলে তৈরি চাকরিগুলির জন্য নয়, বরং স্কটসভিলে এবং নিউ ইয়র্ক স্টেটে থাকার প্রতিশ্রুতির দৃঢ় প্রমাণ হিসাবেও।"

**কার্ল এ. টেলর, NYSEG এবং RG&E-এর প্রেসিডেন্ট এবং সিইও বলেন,** "আমরা আমাদের সম্প্রদায়ে তাদের অব্যাহত বৃদ্ধি এবং উদ্ভাবনী প্রযুক্তি এবং কর্মসংস্থান সৃষ্টিতে তাদের নেতৃত্বের জন্য কুপারভিশনকে অভিনন্দন জানাই। কুপারভিশনের ফেসিলিটির এই সম্প্রসারণ হল

পরিবেশগতভাবে ভালো বৃদ্ধির একটি প্রধান উদাহরণ যেখানে আমরা একটি কৌশলগত ব্যবসায়িক অংশীদার হতে চাই।"

**গ্রেটার রচেস্টার চেম্বার অফ কমার্সের (Greater Rochester Chamber of Commerce) প্রেসিডেন্ট এবং সিইও এবং ফিঙ্গার লেকস রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Finger Lakes Regional Economic Development Council) সহ-সভাপতি বব ডাফি বলেন,** "কন্টাক্ট লেন্সের বিশ্বের শীর্ষস্থানীয় নির্মাতাদের একজন হিসাবে, কুপারভিশন আমাদের অঞ্চলের জন্য একটি বড় সাফল্যের কাহিনী। তাদের সম্প্রসারণ এবং 170টি নতুন চাকরির সৃষ্টি এই সত্যটিকে টুলে ধরে যে গ্রেটার রচেস্টার এমন একটি জায়গা যেখানে বুদ্ধিমান কোম্পানিগুলি সমৃদ্ধ হয়ে উঠতে পারে। আমরা প্রেসিডেন্ট জেরি ওয়ার্নার এবং কুপারভিশন টিমকে ধন্যবাদ জানাই আমাদের অঞ্চলে এবং জনগণে বিনিয়োগ অব্যাহত রাখার জন্য এই উত্তেজনাপূর্ণ সম্প্রসারণের সাথে।"

**গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজের প্রেসিডেন্ট (Greater Rochester Enterprise) এবং সিইও ম্যাট হারলবাট বলেন,** "কুপারভিশনের সম্প্রসারণ গ্রেটার রচেস্টারের ভূমিকা শক্তিশালী করে NY অঞ্চলের অপটিক্স, ফটোনিক্স এবং ইমেজিংয়ের বিশ্বনেতা হিসাবে, একটি দক্ষ কর্মশক্তি, সম্পূর্ণরূপে সমন্বিত সরবরাহ শৃঙ্খল এবং ব্যবসা করার সাশ্রয়ী মূল্যের খরচ দ্বারা সমর্থিত হয়ে। আমরা কুপারভিশনের নেতাদের সাথে কাজ করার জন্য উন্মুখ যখন তারা এই সম্প্রদায়ে তাদের উপস্থিতি প্রসারিত করে চলেছে।"

কুপারভিশন, যা কুপারকম্পানিজের একটি বিভাগ, কন্টাক্ট লেন্সের বিশ্বের শীর্ষস্থানীয় নির্মাতাদের মধ্যে একটি। কুপারভিশন সম্পর্কে আরও জানুন এখানে www.coopervision.com এ।

কুপারকোম্পানিজ হল একটি বিশ্বব্যাপী মেডিকেল ডিভাইস কোম্পানি যা দুটি ব্যবসায়িক ইউনিট, কুপারভিশন এবং কুপারসার্জিকালের (CooperSurgical) মাধ্যমে কাজ করে। কুপারভিশনকোম্পানিজ সম্পর্কে আরও জানুন www.coopercos.com এ।

### ফিঙ্গার লেক ফরওয়ার্ড ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উত্পাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি ব্যবসগুলিকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে অনুপ্রাণিত করবে - এবং জমা দেওয়া অঞ্চলের পরিকল্পনাটি 8,200-টি অবধি নতুন চাকরি প্রদান করার আশা রাখে। আরও তথ্য এখানে রয়েছে।

### এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) হচ্ছে নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক ডেভেলপমেন্ট এজেন্সি (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা,

নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হলো আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড "আই লাভ নিউ ইয়র্ক" এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন